

ফাতওয়া নাম্বার: ৫৬

প্রকাশকাল: ১৪ ই জুলাই, ২০২০ ইংরেজি

## ছাগল সদকা করার মান্নত করে টাকা সদকা করলে কি মান্নত আদায় হবে?

**প্রশ্ন:**

এক ব্যক্তি মান্নত করেছেন, তাঁর স্ত্রী যদি গর্ভবতী হয় তাহলে হিফজ খানায় একটি ছাগল ও দশ কপি কুরআন শরীফ দিবেন। পরে আলহামদুলিল্লাহ তাঁর স্ত্রী গর্ভবতী হন। এখন কি তাকে ছাগল ও কুরআনই দিতে হবে, না এর মূল্য পরিমাণ টাকা দিলেও হবে? এবং ওই হিফজ খানায়ই দিতে হবে, না অন্য কোনো মাসরাফে যাকাতে (ফি সাবীলিল্লাহ) দিলেও হবে? মেহেরবানি করে জানালে উপকৃত হব।

প্রশ্নকারী- মুহাম্মাদ ফারফান

**উত্তর:**

اللجنة الشرعية الرحيم والرحيم والنصرة

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ

: الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده. اما بعد

মান্নতকারী যেহেতু ছাগল ও মুসহাফ (কুরআন শরীফ) দেয়ার মান্নত করেছেন, তাই এগুলো দিয়ে মান্নত আদায় করাই উত্তম। তবে এগুলোর মূল্য দিয়ে আদায় করলেও আদায় হয়ে যাবে। অনুরূপ ওই হেফজখানায় দেয়া জরুরি নয়; অন্য কোনো যাকাতে (খাতে) দিলেও

আদায় হয়ে যাবে। উল্লেখ্য, হিফজখানা মুলত মান্নতের ক্ষেত্র নয়; বরং মান্নতের ক্ষেত্র হল ব্যক্তি। সুতরাং মুসহাফের মান্নত পূরণের জন্য তা যাকাত গ্রহণের উপযুক্ত ব্যক্তি বা ছাত্রকে দিতে হবে। -সুনানে আবু দাউদ, হদীস নং: ৩৩০৫, আদ্বুররুল মুখতার ও রদ্দুল মুহতার, দারুল ফিকর: ৩/৭৪০, ২/২২৭, খুলাসাতুল ফাতাওয়া, আলমাকতাবাতুল আশরাফিয়াহ: ২/১৯২, আলফাতাওয়াল হিন্দিয়াহ, দারুল ফিকর: ২/৭২-৭৩, আলবাহরুর রায়েক, যাকারিয়া বুক ডিপো: ৪/৪৮৮, ৪৯৮

فقط. والله تعالى اعلم بالصواب

মুফতি আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)



২০-১১-৪১ হি.

১২-০৭-২০ ইং

اللجنة الشرعية للدعوة والنصرة  
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ